

সুজানগর উপজেলা মডেল মসজিদের ০১(এক) জন ইমাম, ০১(এক) জন মুয়াজ্জিন ও ০২(দুই) জন খাদিম নিয়োগের জন্য কর্মসূচী নির্ধারণ সভার কার্য বিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ তরিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
সুজানগর, পাবনা।

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ।
তারিখঃ ১৯/১২/২০২২ খ্রিঃ সময়ঃ ১০.০০ ঘটিকা।


উপস্থিত : পরিশিষ্ট (ক)

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতি নিয়ে জনাব মোঃ জহুরুল ইসলাম, ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন, সুজানগর, পাবনা বলেন যে, মডেল মসজিদে ০১(এক) জন ইমাম, ০১(এক) জন মুয়াজ্জিন ও ০২(দুই) জন খাদিম নিয়োগের জন্য ০৭/১২/২০২২ খ্রি তারিখে ০২ টি স্থানীয় পত্রিকা যথাক্রমে (১) দৈনিক ইছামতি ও (২) দৈনিক সিনসা এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। আবেদনের তারিখ ও সময় নির্ধারণ করা হয় ০৭/১২/২০২২ খ্রি হতে ১৫/১২/২০২২ খ্রি বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত। ১৫/১২/২০২২ খ্রি বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত ইমাম পদে ০১টি পদের বিপরীতে ১৫টি আবেদন পত্র পাওয়া যায় ও মুয়াজ্জিন পদে ০১টি পদের বিপরীতে ০৪টি আবেদন পত্র পাওয়া যায় এবং খাদিম পদে ০২টি পদের বিপরীতে ০৩টি আবেদন পত্র পাওয়া যায়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে নিমোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সিদ্ধান্ত সমূহঃ

- (১) আগামি ২২/১২/২০২২ খ্রি. তারিখে সুজানগর উপজেলা পরিষদ, সুজানগর, পাবনা সভাকক্ষে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা সকাল ৯ টায় এবং মৌখিক পরীক্ষা বিকাল ২ টায় অনুষ্ঠিত হবে।
- (২) মেধাক্রম অনুসারে ইমাম পদে ০৫ জন, মুয়াজ্জিন পদে ০৫ জন, খাদিম পদে ০৩ জনকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- (৩) লিখিত ও মৌখিক পরীক্ষার স্থান, তারিখ, সময় প্রার্থীদের উল্লেখিত মোবাইল নম্বরে (এসএমএস) এর মাধ্যমে এবং সুজানগর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব সাইট www.sujanagar.pabna.gov.bd তে প্রকাশ করা হবে।
- (৪) উপজেলা মডেল মসজিদের নিয়োগ কমিটি লিখিত পরীক্ষার খাতা মূল্যায়ন করবেন।
- (৫) উত্তীর্ণ প্রার্থীদের নামের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে দেওয়া হবে।
- (৬) আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণ সহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ তরিকুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

সুজানগর, পাবনা।

এবং

সভাপতি

সুজানগর উপজেলা মডেল মসজিদ ও

ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি।